

# কবিতা



কবিঃ সৌম্যব্রত ঘোষ

email: [sbghosh@gmail.com](mailto:sbghosh@gmail.com)

## অচেনা তুমি

কি করলে তোমায় ভুলে যেতে পারি  
বলে দিতে পার ?  
বলতে পার কি করলে,  
তুমি আবার অচেনা হতে পার  
আমার কাছে ?

কি করলে আবার নতুন সম্পর্ক  
গড়তে পারি তোমার সাথে ?

যেখানে প্রেমের পথ থাকবে রুদ্ধ !  
তখন তোমাকে শুধু চিনব আমি  
কিন্তু ভালবাসবার স্পর্ধা দেখাব না !